# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## বৈপরীত্য

বাইবেল বিশেষজ্ঞরা বাইবেলের মধ্যে বিদ্যমান যে সকল ভুলভ্রান্তি উল্লেখ করেছেন সেগুলোকে আমরা চার ভাগে ভাগ করতে পারি:

(ক) বৈপরীত্য, অর্থাৎ বাইবেলের মধ্যে বিদ্যমান একাধিক তথ্যের পরস্পর বিরোধিতা।

(খ) ভুলভ্রান্তি, অর্থাৎ বাইবেলের মধ্যে বিদ্যমান তথ্য অন্যান্য প্রমাণের আলোকে ভুল বলে প্রমাণিত।

(গ) বিকৃতি, অর্থাৎ বাইবেলের বক্তব্যের মধ্যে পরিবর্তন, সংযোজন বা বিয়োজন করে মূল বক্তব্য বিকৃত করা হয়েছে বলে প্রমাণিত।

(ঘ) অস্বাভাবিক বা বিবেক-বিরোধী তথ্যাদি।

প্রথমে আমরা বৈপরীত্যের কিছু নমুনা উল্লেখ করব। কারণ অন্যান্য অনেক বিষয় অস্বীকার করা গেলেও বৈপরীত্য অস্বীকার করা যায় না। এজন্য বাইবেলের অভ্রান্ততার দাবি খণ্ডনের জন্য আধুনিক বাইবেল বিশেষজ্ঞরা সাধারণত অভ্যন্তরীণ প্রমাণ হিসেবে বাইবেলের মধ্যে বিদ্যমান বৈপরীত্যগুলো প্রথমে উল্লেখ করেন।

লক্ষণীয় যে, খ্রিষ্টান গবেষক ও বাইবেল বিশেষজ্ঞরা বাইবেলের মধ্যে বিদ্যমান শত শত বৈপরীত্যের কথা উল্লেখ করেছেন। বাইবেল, ইহুদি ধর্ম ও খ্রিষ্টধর্ম সম্পর্কে অভিজ্ঞ মানুষেরা এ সকল বৈপরীত্যের গুরুত্ব ও দূরত্ব সহজেই অনুধাবন করতে পারেন। এছাড়া ইংরেজি পাঠে বৈপরীত্যগুলো যত সহজে অনুধাবন করা যায় বাংলা অনুবাদে তা করা যায় না। কারণ অনুবাদের মধ্যে অনেক রকম পরিবর্তনের মাধ্যমে বৈপরীত্য অস্পষ্ট হয়ে গিয়েছে। এজন্য আমরা এখানে সাধারণ বাঙালি পাঠকের জন্য অনুধাবনযোগ্য কিছু বৈপরীত্য উল্লেখ করছি। আগ্রহী পাঠক ইন্টারনেটে নিম্নের ওয়েবসাইট দেখতে পারেন: http://infidels.org/library/modern/jim_meritt/bible-contradictions.html। এছাড়া http://LiberalsLikeChrist.Org/inerrancy.html, www.members.cox.net/galatians/tension.htm ইত্যাদি ওয়েবসাইটে অনেক তথ্য জানতে পারবেন। সর্বোপরি bible contradictions, Bible Absurdities, Bible Atrocities, Bible inerrancy ইত্যাদি লেখে অনুসন্ধান করলে এ বিষয়ক অনেক ওয়েবসাইট ও অনেক তথ্য পাওয়া যাবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13951

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন